৩৫০

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... FEB 5 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাবি ইংরেজী বিভাগের প্রাক্তন ছাত্রছাত্রী পুনর্মিলনী আজ

আজ শুক্রবার ব্রিটিশ কাউন্সিল মিলনায়তন আর এর সবুজ চত্বর জুড়ে বসবে এক আনন্দ উৎসবের মেলা। বিকাল ৩টা থেকেই আসা শুরু হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের প্রাক্তন ছাত্রছাত্রীদের। বিভাগের বর্তমান শিক্ষক-শিক্ষয়িত্রীসহ এক ঝাঁক কর্মী, ছাত্রছাত্রী বাহিনী এই মিলন মেলায় সক্রিয় অংশ নেবেন। সে মেলায় কেবল থাকবেন না অকালে ঝড়ে যাওয়া এষা খান আর ফারিয়া লারা। এঁরা দু'জনই এ বিভাগেরই ছাত্রী। – প্রেস বিজ্ঞপ্তি।

১৯৮৬ সালে ইংরেজী বিভাগে প্রথম সম্মিলনের যাত্রা আরম্ভ। এবারে ১৩তম পুনর্মিলনী। প্রতিবারের মতো এবারেও কমপক্ষে ৪ শতাধিক প্রাক্তন ছাত্রছাত্রী এই প্রীতিময় আনন্দ ভরপুর উৎসব মেলায় যোগ দেবেন। গতবারের তুলনায়-এবারের মেলা আরও একটি বিশেষ কারণে প্রাধান্য পাবে, বোধকরি অতি উৎসাহে সবাই এতে যোগ দেবেন কেবলমাত্র তাঁর একটুখানি সাক্ষাত দর্শন পাবার জন্য। তাঁর শারীরিক ও মানসিক অবস্থার খোঁজখবর নেবার জন্য। তিনি এই ইংরেজী বিভাগেরই প্রাক্তন ছাত্র, দেশবরেণ্য কবি শামসুর রাহমান। কবি জীবনানন্দ দাশ ও কবি বুদ্ধদেব বসুও এই বিভাগের প্রাক্তন ছাত্র। জানি, ওই দিন সমবেত সবাই উৎসবে, আনন্দের মধ্য দিয়েও বুকে এক গভীর ব্যথা, বেদনা এবং যন্ত্রণা অনুভব করবেন কবি শামসুর রাহমানকে মৃত্যুর কাছাকাছি থেকে ফিরে পাবার জন্য। সহপাঠিদের অনেকেই হয়ত বুকে জড়িয়ে ধরে বলবেন, "কিরে বান্ধু! বেঁচে গেলি তাহলে এ যাত্রায়"।